প্রেসিডেন্সিয়াল প্রেফারেন্স প্রাথমিক এবং দলের কমিটি নির্বাচনে ভোট দিতে পারবেন না। অন্য কোনও নির্বাচনের জন্য দলীয় সংশ্লিষ্টতা আবশ্যিক নয়।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** আপনাকে এই বাক্সটি পূরণ করতে অনুরোধ করা হচ্ছে। পছন্দগুলির তালিকা দেখার জন্য আবেদনপত্রের নির্দেশাবলীর বাক্স 8 (পৃষ্ঠা 2-এ) দেখুন।

**9. স্বাক্ষর।** লুইজিয়ানায় নিবন্ধন করার জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে।
- লুইজিয়ানার একজন নিবাসী হতে হবে (বাড়ির ঠিকানা অবশ্যই সেই ঠিকানা হতে হবে যেখানে আপনি বাসভবন অব্যাহতি (হোমস্টিড এক্সেম্পশন) দাবী করেন, যদি করেন, এর ব্যতিক্রম হল নার্সিং হোম বা বৃদ্ধাবাসের আবাসিকরা যারা নার্সিং হোম বা বৃদ্ধাবাস বা যে বাড়িতে তার বাসভবনের অব্যাহতি আছে সেখানকার ঠিকানা ব্যবহার করতে পারেন। কলেজের শিক্ষার্থীরা তাদের বাড়ির ঠিকানা বা বাড়ি থেকে দূরে স্কুলের জন্য যে ঠিকানায় থাকছেন সেটি ব্যবহার করতে পারেন।)
- অন্তত 17 বছর বয়স হতে হবে, এবং পরবর্তী নির্বাচনের আগে ভোট দেওয়ার জন্য 18 বছর বয়স হতে হবে
- কোনো অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার কারণে বর্তমানে আপনার ওপর কারাবাসের আদেশ থাকতে পারবে না
- বর্তমানে মানসিক অক্ষমতার জন্য কোনো নিষেধাজ্ঞার অধীনে থাকতে পারবেন না

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ স্টেট<br>দৃষ্টি আকর্ষণ: ভোটার রেজিস্ট্রেশন<br>P.O. Box 94125<br>Baton Rouge, LA 70804-9125

## মেইন

**হালনাগাদের তারিখ: 08-14-2012**

**নিবন্ধনের সময়সীমা —** নির্বাচনের 21 কাজের দিন আগে পৌঁছাতে হবে (বা ভোটার *সশরীরে* নির্বাচনের দিন পর্যন্ত বা সেই দিন নিবন্ধন করতে পারেন)।

**6. পরিচয় নম্বর।** আপনাকে মেইন ড্রাইভারের লাইসেন্স নম্বর প্রদান করতে হবে। আপনার কাছে যদি একটি বৈধ মেইন ড্রাইভারের লাইসেন্স নম্বর না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা প্রদান করতে হবে। যে সমস্ত ভোটারের কাছে এই দুটি ধরনের পরিচয়পত্রের কোনটিই নেই তাদের অবশ্যই এই স্থানে "কোনটিই নয়" লিখতে হবে।

**7. দলের পছন্দ।** আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তাহলে আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করার প্রয়োজন নেই (যদি না কোনও রাজনৈতিক দল এর বিপরীতে অনুমতি প্রদান করে)।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** মেইনে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- মেইন এবং আপনি যে মিউনিসিপালিটি থেকে ভোট দিতে চান সেখানকার নিবাসী হতে হবে
- কমপক্ষে 17 বছর বয়স হতে হবে (ভোট দেওয়ার জন্য আপনার কমপক্ষে 18 বছর বয়স হতে হবে)

**চিঠি পাঠানোর ঠিকানা:**

ইলেকশনস ডিভিশন<br>ব্যুরো অফ কর্পোরেশনস,<br>ইলেকশনস অ্যান্ড কমিশনস<br>101 State House Station<br>Augusta, ME 04333-0101

## মেরিল্যান্ড

**হালনাগাদের তারিখ: 06-26-2008**

**নিবন্ধনের সময়সীমা —** নির্বাচনের 21 দিন আগে রাত 9:00টা পর্যন্ত।

**6. পরিচয় নম্বর।** আপনার কাছে যদি মেরিল্যান্ডের একটি সাম্প্রতিক ও বৈধ ড্রাইভারের লাইসেন্স বা মোটর ভেহিকেল অ্যাডমিনিস্ট্রেশন শনাক্তকরণ কার্ড থাকে তাহলে আপনাকে অবশ্যই লাইসেন্স বা শনাক্তকরণ নম্বর লিখতে হবে। আপনার কাছে যদি মেরিল্যান্ডের একটি সাম্প্রতিক ও বৈধ ড্রাইভারের লাইসেন্স বা মোটর ভেহিকেল অ্যাডমিনিস্ট্রেশন শনাক্তকরণ কার্ড না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের কমপক্ষে শেষ 4টি সংখ্যা প্রদান করতে হবে। যদিও, অনুগ্রহ করে মনে রাখবেন যে সম্পূর্ণ সোশ্যাল সিকিউরিটি নম্বর উল্লেখ করা ঐচ্ছিক। যে বিধিবদ্ধ কর্তৃত্ব নির্বাচন আধিকারিকদের আপনার সম্পূর্ণ সোশ্যাল সিকিউরিটি নম্বর দেওয়ার জন্য অনুরোধ করার অনুমতি দেয় সেটি হল ইলেকশন ল আর্টিকেল, ধারা 3-202, মেরিল্যান্ডের টীকাসহ বিধি। এই নম্বর শুধুত্র নিবন্ধন এবং অন্যান্য প্রশাসনিক উদ্দেশ্যে ব্যবহৃত হবে। এটি গোপন রাখা হবে।

**7. দলের পছন্দ।** আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচনে অংশগ্রহণ করতে চান তাহলে আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** মেরিল্যান্ডে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে
- মেরিল্যান্ডের নিবাসী হতে হবে
- পরবর্তী সাধারণ নির্বাচনের সময় কমপক্ষে 18 বছর বয়স হতে হবে
- মানসিক অক্ষমতার কারণে অভিভাবকত্বের অধীনে থাকতে পারবেন না
- ভোট কেনা বা বেচার জন্য দোষী সাব্যস্ত হতে পারবেন না
- কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত করা হয়েছে এমন অপরাধী হতে পারবেন না, বা যদি আপনাকে করা হয়ে থাকে তাহলে আপনি আদালতের আদেশ অনুযায়ী সেই দোষের জন্য প্যারোল বা প্রোবেশনের মেয়াদসহ কারাবন্দী থাকার শাস্তির মেয়াদ সম্পূর্ণ করেছেন।

নম্বর প্রদান করতে হবে৷ আপনার কাছে যদি ড্রাইভারের লাইসেন্স না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা উল্লেখ করতে হবে৷ আপনার কাছে যদি সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকে তাহলে অনুগ্রহ করে বাক্সে "কোনটিই নয়" লিখুন৷

**7. দলের পছন্দ৷** আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচনে অংশগ্রহণ করতে চান তাহলে আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে৷

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** আপনাকে এই বাক্সটি পূরণ করতে অনুরোধ করা হচ্ছে৷পছন্দগুলির তালিকা দেখার জন্য আবেদনপত্রের নির্দেশাবলীর বাক্স 8 (পৃষ্ঠা 2-এ) দেখুন৷

**9. স্বাক্ষর৷** পেন্সিলভেনিয়াতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- পরবর্তী নির্বাচনের অন্তত এক মাস আগে থেকে যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- নির্বাচনের অন্তত 30 দিন আগে থেকে পেন্সিলভেনিয়া এবং আপনার নির্বাচন ডিস্ট্রিক্টের একজন নিবাসী হতে হবে
- পরবর্তী নির্বাচনের দিনে কমপক্ষে 18 বছর বয়স হতে হবে

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ দ্য<br>
কমনওয়েলথের কার্যালয়<br>
210 North Office Bldg.<br>
Harrisburg, PA 17120-0029

## রোড আইল্যান্ড

**হালনাগাদের তারিখ: 03-28-2008**

**নিবন্ধনের সময়সীমা —** নির্বাচনের 30 দিন আগে পর্যন্ত৷

**6. পরিচয় নম্বর৷** আবেদনকারীকে যদি একটি সাম্প্রতিক ও বৈধ রোড আইল্যান্ড ড্রাইভার লাইসেন্স জারি করা হয়ে থাকে তবে তাকে অবশ্যই তার রোড আইল্যান্ড ড্রাইভার লাইসেন্স নম্বর দিতে হবে৷ যদি আবেদনকারীর জন্য একটি সাম্প্রতিক ও বৈধ রোড আইল্যান্ড ড্রাইভার লাইসেন্স জারি করা না হয়ে থাকে তাহলে তাকে অবশ্যই তার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি (4) সংখ্যা প্রদান করতে হবে৷ কোনও আবেদনকারীর কাছে যদি এই দুটির কোনটিই না থাকে তাহলে রোড আইল্যান্ড স্টেট তার জন্য একটি অনন্য শনাক্তকরণ নম্বর ধার্য করবে৷

**7. দলের পছন্দ৷** রোড আইল্যান্ডে কোনও ব্যক্তি কোনও দলের প্রাথমিক নির্বাচনে অংশগ্রহণ করতে চাইলে তাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে৷ কোনও ব্যক্তি যদি নিবন্ধনের সময় কোনও দলের সঙ্গে নিবন্ধন না করেন তাহলে তিনি ইচ্ছা করলে দলের প্রাথমিক নির্বাচনের দিন সেই দলের সঙ্গে নিবন্ধন করতে পারেন এবং সেই দলের প্রাথমিক নির্বাচনে অংশগ্রহণ করতে পারেন৷ কোনও ব্যক্তি যদি কোনও দলের সঙ্গে নিবন্ধন না করেন তাহলেও তিনি সাধারণ নির্বাচনগুলিতে এবং অদলীয় প্রাথমিক নির্বাচনগুলিতে অংশগ্রহণ করতে পারবেন৷

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** খালি রাখুন৷

**9. স্বাক্ষর৷** রোড আইল্যান্ডে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- পরবর্তী নির্বাচনের অন্তত 30 দিন আগে থেকে রোড আইল্যান্ডের একজন নিবাসী হতে হবে
- নির্বাচনের দিনে কমপক্ষে 18 বছর বয়স হতে হবে
- অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার কারণে বর্তমানে কোনো সংশোধনাগারে কারাদণ্ড ভোগ করতে পারবেন না
- আইন অনুসারে মানসিকভাবে অক্ষম সাব্যস্ত হতে পারবেন না

**চিঠি পাঠানোর ঠিকানা:**

রোড আইল্যান্ড স্টেট বোর্ড অফ<br>
ইলেকশনস<br>
50 Branch Ave.<br>
Providence, RI 02904-2790

## সাউথ ক্যারোলাইনা

**হালনাগাদের তারিখ: 03-01-2006**

**নিবন্ধনের সময়সীমা —** নির্বাচনের 30 দিন আগে পর্যন্ত৷

**6. পরিচয় নম্বর৷** আপনার সম্পূর্ণ সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রয়োজন৷ এটি সাউথ ক্যারোলাইনার আইনের কোড অনুযায়ী আবশ্যিক এবং এটি কেবলমাত্র আভ্যন্তরীণ প্রয়োজনে ব্যবহৃত হয়৷ সোশ্যাল সিকিউরিটি নম্বর স্টেট ইলেকশন কমিশনের তৈরি করা কোনও রিপোর্টে উল্লেখ করা হয় না এবং কোনও অননুমোদিত ব্যক্তির কাছে প্রকাশ করা হয় না৷ (সাউথ ক্যারোলাইনা টাইটেল 7-5-170)

**7. দলের পছন্দ৷** আপনি যদি কোনও দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তাহলে আপনাকে সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে না৷

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** আপনাকে এই বাক্সটি পূরণ করতে হবে৷ আপনি এটি পূরণ না করলে আপনার আবেদনপত্র বাতিল করা হতে পারে৷ পছন্দগুলির তালিকা দেখার জন্য আবেদনপত্রের নির্দেশাবলীর বাক্স 8 (পৃষ্ঠা 2-এ) দেখুন৷

**9. স্বাক্ষর৷** সাউথ ক্যারোলাইনাতে নিবন্ধন করার জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে৷
- পরবর্তী সাধারণ নির্বাচনের সময়ে বা তার আগে কমপক্ষে 18 বছর বয়স হতে হবে
- সাউথ ক্যারোলাইনা, আপনার কাউন্টি ও প্রিসিংক্টের একজন নিবাসী হতে হবে
- কোনো অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার কারণে কোনওসরকারি কারাগারে বন্দী থাকা চলবে না
- কখনো কোনো অপরাধ বা নির্বাচন আইনের বিরুদ্ধে কোনও অপরাধের জন্য দোষী সাব্যস্ত হননি বা যদি আগে দোষী সাব্যস্ত হয়ে থাকেন তাহলে প্রোবেশন ও প্যারোলসহ আপনার সম্পূর্ণ শাস্তি ভোগ করেছেন বা অপরাধের জন্য আপনাকে ক্ষমা প্রদান করা হয়েছে
- এমন কোনো আদালতের আদেশের অধীনে নেই যাতে আপনাকে মানসিকভাবে অক্ষম ঘোষণা করা হয়েছে
- আবেদনপত্রে থাকা ঠিকানাকে আপনার একমাত্র বৈধ বাসস্থান রূপে দাবী করেন এবং অন্য কোনও স্থানকে বৈধ বাসস্থান রূপে দাবী করেন না

**চিঠি পাঠানোর ঠিকানা:**

স্টেট ইলেকশন কমিশন<br>
P.O. Box 5987<br>
Columbia, SC 29250-5987

## সাউথ ডাকোটা

**হালনাগাদের তারিখ: 03-01-2006**

**নিবন্ধনের সময়সীমা —** নির্বাচনের 15 দিন আগে গৃহীত হতে হবে৷

**6. পরিচয় নম্বর৷** আপনাকে আপনার ড্রাইভারের লাইসেন্স নম্বর দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে৷

